

“মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা
ই-হজ ব্যবস্থাপনা”।

অতিব জরুরি
হজ সর্বোচ্চ অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hajj.gov.bd

স্মারক নং-১৬.০০.০০০০.০০৩.৩০.০০১.১৭.৬৯৯

তারিখ: ২৫/০৬/২০১৮ খ্রি.


বিষয়: বেসরকারি ব্যবস্থাপনার হজযাত্রীদের পাসপোর্টে সৌদি আরবে আবাসন ঠিকানা সম্বলিত ষ্টীকার এবং সংশ্লিষ্ট হজ এজেন্সির গাইডের অনুকূলে জমাকৃত অর্থের রশিদ ছাড়া পাসপোর্ট জমা ও হজ গাইড অনুমোদন না দেয়া।

১৪৩৯ হিজরি/২০১৮ খ্রি. সনের হজ মৌসুমে সৌদি কর্তৃপক্ষ বেসরকারি ব্যবস্থাপনার অধীন হজযাত্রীদের পাসপোর্টে মক্কা ও মদিনার আবাসন ঠিকানা (বাড়ি/হোটেল) মোয়াল্লেম নম্বর সম্বলিত ষ্টীকার লাগানো বাধ্যতামূলক করে হয়েছে এবং উক্ত ঠিকানা সম্বলিত পাসপোর্ট ব্যতীত সম্মানিত হজযাত্রীদের সৌদি আরব গমন করা অনিশ্চিত হবে। এ বিষয়ে হজযাত্রীসহ সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্য দৈনিক পত্রিকা এবং হজের ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রকাশসহ সকল এজেন্সিকে জানানো হয়েছে।

০২। বেসরকারি ব্যবস্থাপনার হজযাত্রীদের জন্য এজেন্সি কর্তৃক নিয়োগকৃত প্রত্যেক হজ গাইডের অনুকূলে জনপ্রতি/গাইডপ্রতি ৪,৫৩০/- (চার হাজার পাঁচশত ত্রিশ) টাকা হারে জমাদানপূর্বক নিবন্ধন/HMIS এ তথ্য এন্ট্রির জন্য ইতোমধ্যে বিজ্ঞপ্তির মাধ্যমে সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়েছে। সে প্রেক্ষিতে হজ এজেন্সি কর্তৃক নিয়োগকৃত হজ গাইডদের বিপরীতে জনপ্রতি ৪,৫৩০/- (চার হাজার পাঁচশত ত্রিশ) টাকা হারে সোনালী ব্যাংক লিমিটেড, স্থানীয় কার্যালয় শাখা, মতিঝিল, ঢাকার নির্ধারিত একাউন্টে জমাদান ব্যতিরেকে হজ গাইড নিয়োগ করা যাবে না। সে লক্ষ্যে বেসরকারি ব্যবস্থাপনার হজ গাইডের টাকা জমাদানের প্রমাণক হিসেবে টাকা জমার রশিদ আবেদনের সাথে সংযুক্ত ব্যতিরেকে হজ গাইড নিয়োগদানে অনুমোদন প্রদান করা যাবে না।

০৩। এমতাবস্থায়, উপরিউক্ত বিষয় দু’টি প্রতিপালন ব্যতিরেকে হজ অফিস, আশকোনা পাসপোর্ট জমা এবং হজ গাইড অনুমোদন না দেয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৪। বিষয়টি অতিব জরুরি।



এস.এম. মনিরুজ্জামান
সহকারী সচিব (হজ)
ফোন: ৯৫৮৪৩২২
ফ্যাক্স: ৯৫১১১১৬
e-mail: morahajsection@gmail.com

পরিচালক
হজ অফিস
বিমানবন্দর, আশকোনা, ঢাকা।

(অপর পৃষ্ঠা দ্রষ্টব্য)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব।
৩. মন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৪. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ, সান্তারা সেন্টার, ১৬ তলা, হোটেল ভিক্টোরি, ৩০, নয়াপল্টন, ঢাকা।
৬. সত্বাধিকারী/ব্যবস্থাপনার পরিচালক----- (হজ কার্যক্রমে অংশগ্রহণকারী ৫২৮টি হজ এজেন্সি)।
৭. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লি: ঢাকা (উক্ত পত্রটি হজের ওয়েবসাইটে আপলোডসহ পত্রটি সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণের অনুরোধসহ)।
৮. কার্যক্রমে অংশগ্রহণকারী হজ এজেন্সিসমূহের মেইলে প্রেরণের অনুরোধসহ
৯. অফিস কপি।


এস.এম. মনিরুজ্জামান
সহকারী সচিব (হজ)।